# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/প্রকৌ/২০২০/১৩১ তারিখঃ ০৮/০৩/২০২০ ইং।

<u>নোটিশ</u>

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার নগর পরিকল্পনা ইউনিটের সম্মানীত সদস্যগনকে জানানো যাইতেছে যে, আগামী ১২/০৩/২০২০ ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.৩০ ঘটিকার সময় পৌরসভা সম্মেলন কক্ষে এক সভা অনুষ্ঠিত হইবে ।

উক্ত সভায় সম্মানীত সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল ।

আলোচ্য সূচী ঃ ১) বিগত সভার কাযবিবরনী পাঠ ও অনুমোদ।
২) UGIIP-III প্রকল্পসহ চলমান উন্নয়ন প্রকল্প সম্পর্কে আলোচনা।
৩) পৌর এলাকায় ভাবন নির্মানের ক্ষেত্রে মাটি পরীক্ষাসহ যবতীয় পরীক্ষা-নিরীক্ষা সম্পন্নকরণ পূর্বক প্ল্যান অনুমোদন প্রসঙ্গে আলোচনা।
৪) অগামী ১৭ই মার্চ, ২০২০ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষে আলোচনা।
৫) বিবিধ।

08/03/2020

(সরদার মাহবুবুর রহমান)
নির্বাহী প্রকৌশলী
ও
সভাপতি
নগর পরিকল্পনা ইউনিট
কোটলীপাড়া পৌরসভা ।

প্রাপকঃ জনাব-------------------------------
-------------------------------
সদস্য/ সদস্য-সচিব
নগর পরিকল্পনা ইউনিট
কোটালীপাড়া পৌরসভা

স্মারক নং- কোপৌ/প্রকৌ/২০২০/১৩১/১(৫) তারিখঃ ০৮/০৩/২০২০ ইং।
অনুলিপি সদয় অবগতির জন্য ঃ
১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা , কোটালীপাড়া গোপালগঞ্জ।
২। অফিস কপি ।

08/03/2020

(সরদার মাহবুবুর রহমান)
নির্বাহী প্রকৌশলী
ও
সভাপতি
নগর পরিকল্পনা ইউনিট
কোটলীপাড়া পৌরসভা ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।
ফোন নং- ০২৬৬৫১২৬৭ (অফিস), ০২৬৬৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৫১২৬৭
E-mail: mayor_kotali.poura@yahoo.com

## তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প

# নগর পরিকল্পনা ইউনিট

### সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখ ঃ ২২/০৩/২০২০ সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা.

| ক্রঃনং | নাম | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সরদার মাহবুবুর রহমান<br>নির্বাহী প্রকৌশলী<br>কোটালীপাড়া পৌরসভা | সভাপতি | ২২/০৩/২০২০ |
| ০২ | জনাব জহিরউদ্দিন<br>সচিব, কোটালীপাড়া পৌরসভা | সদস্য | ২২/০৩/২০২০ |
| ০৩ | জনাব আজাদুর রহমান<br>সেনেটারী ইন্সপেক্টর<br>কোটালীপাড়া পৌরসভা | সদস্য | ২২/০৩/২০২০ |
| ০৪ | জনাব আবু সাঈদ খান<br>বাজার পরিদর্শক<br>ও বস্তিউন্নয়ন কর্মকর্তা (ভারপ্রাপ্ত)<br>কোটালীপাড়া পৌরসভা | সদস্য | |
| ০৫ | জনাব মাজহারুল ইসলাম<br>উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)<br>কোটালীপাড়া পৌরসভা | সদস্য - সচিব | Mojahar<br>12.03.2020 |

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

নগর পরিকল্পনা ইউনিট সভার কার্য বিবরনী

সভাপতি ঃ জনাব সরদার মাহবুবুর রহমান, নির্বাহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
স্থান ঃ কোটালীপাড়া পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ।
তারিখ ঃ ১২/০৩/২০২০ ইং।
রোজ ঃ বৃহস্পতিবার।
সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম স্বাক্ষর ক্রমানুসারে

| ক্র:নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব সরদার মাহবুবুর রহমান | নির্বাহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০২ | জনাব জহিরউদ্দিন | সচিব, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০৩ | জনাব আজাদুর রহমান | সেনেটারী ইন্সপেক্টর, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০৪ | জনাব আবু সাইদ খান | বাজার পরিদর্শক ও এসডিও (ভাঃপ্রাঃ) কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০৫ | জনাব মাজহারুল ইসলাম | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব সরদার মাহবুবুর রহমান, নির্বাহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্য বিবরনী পঠন ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় । কার্যবিবরনী সকলের মধ্যে বিতরণ করা হয় । | |
| ০২ | UGIIP-III প্রকল্পসহ চলমান উন্নয়ন প্রকল্প সম্পর্কে আলোচনা। | নির্বাহী প্রকৌশলী, জনাব সরদার মাহবুবুর রহমান সভায় বলেন- অত্র পৌরসভায় UGIIP-III প্রকল্প এবং গুরুত্বপূর্ণ ১৯ পৌরসভা প্রকল্প চলমান। উক্ত প্রকল্পের চাহিদা অনুযায়ী বর্তমান পৌর পরিষদ এবং পৌরসভার কর্মকর্তা এবং কর্মচারী পরিশ্রম করে যাচ্ছে। বর্তমান পৌরসভাকে আরো উন্নত এবং সমৃদ্ধশালী করতে হলে আমাদেরকে আরো আন্তরিক হতে হবে। চলমান প্রকল্পের কার্য সুষ্ঠভাবে পরিচালার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। | UGIIP-III প্রকল্পসহ চলমান উন্নয়ন প্রকল্প সম্পর্কে আলোচনা নিয়মিত করণে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৩ | পৌর এলাকায় ভবন নির্মানের ক্ষেত্রে মাটি পরীক্ষাসহ যাবতীয় পরীক্ষা-নিরীক্ষা সম্পন্নকরণ পূর্বক প্ল্যান অনুমোদন প্রসঙ্গে আলোচনা। | কোটালীপাড়া পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) জনাব মোঃ মাজহারুল ইসলাম বলেন- পৌর এলাকায় ভবন নির্মান, ব্যাবসা প্রতিষ্ঠান নির্মানের ক্ষেত্রে যথাযথ নিয়ম মেনে প্লান অনুমোদন করতে হবে এ ক্ষেত্রে সরকারী বিধি বিধান সমূহ কঠোরভাবে অনুসরন করতে হবে। অনুমোদনের পূর্বে উক্ত জায়গা সরজমিনে পরিদর্শন করে অনুমোদনের যোগ্য হলেই কেবল প্লান অনুমোদন করতে হবে। | প্লান অনুমোদনের ক্ষেত্রে যাচাই-বাছাই পূর্বক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৪ | অগামী ১৭ই মার্চ, ২০২০ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে আলোচনা। | কোটালীপাড়া পৌরসভার সম্মানীত সচিব জনাব জহিরউদ্দিন বলেন- আমি শ্রদ্ধাভরে স্মরণ করছি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীন বাংলাদেশের রূপকার বাঙালি জাতির অহংকার জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। প্রিয় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমি আনন্দের সঙ্গে জানাতে চাই যে তোমার স্বাপ্ন আজ তোমরই সুযোগ্য কন্যা জননেত্রী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে পূরণ হতে চলেছে। তুমি বিশ্বের কোটি কোটি মানুষের হৃদয় জয় করেছো। অগামী ১৭ই মার্চ, ২০২০ জন্ম শতবার্ষিকীতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের যুগান্তকারী ভাষণ আর ঐতিহাসিক ঘটনাগুলো পর্যবেক্ষণ, রাজপথের সংগ্রাম, দীর্ঘ কারাবাসসহ দেশ গড়ার কাজে তাঁর নেতৃত্ব দানের নানা দিক সম্বন্ধে জানতে আগ্রহী তরুন প্রজন্ম। তাই পৌরসভা কার্যালয়ের অভ্যন্তরে একটি মুজিব কক্ষ স্থাপন করা যেতে পারে। অগামী ১৭ই মার্চ, ২০২০ জন্ম শতবার্ষিকীতে পৌরসভার পক্ষ থেকে বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম গ্রহণ যাতে পারে যেমন- প্রথমেই কোটালীপাড়া পৌরসভার জনগুরুত্বপূর্ণ পয়েন্টে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের একটি ম্যানুয়ান | অগামী ১৭ই মার্চ, ২০২০ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন সফল করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| | | নির্মান করা। পৌরসভার ৯টি ওয়ার্ডের প্রতিটি ওয়ার্ডে ভাঙা রাস্তা মেরামত, নির্দিষ্ট স্থানে ময়লা আবর্জনা ফেলার জন্য ডাস্টবিন স্থাপন পাশাপাশি পৌরবাসিকে নির্দিষ্ট স্থানে ময়লা বার্জনা ফেলার জন্য উদ্বুদ্ধ করা, পৌরসভার ৯টি ওয়ার্ডের প্রতিটি ওয়ার্ডে পানির লাইন সংযোগ সঠিক নিয়মমেনে হচ্ছে কিনা এবং পৌরসভার পানির বিল সময়মতো পরিশোধ করছে কিনা না করলে এর ক্ষতিকর দিকগুলি তুলে ধরে উদ্বুদ্ধ করা। পানি লাইনে ছোট/বড় সকল ধরনের লিকেজ শতভাগ মেরামত করা। পৌরবাসির পানি সরবরাহ ঠিক রাখা এবং পৌরবাসিকে পানির অপচয় রোধের ব্যাপারে এবং সময়মতো পনির বিল পরিশোধে সচেতনা সৃষ্টির পাশাপশি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বীরত্বগাথা জীবনের মূল অংশ উক্ত লিফলেটে তুলে ধরা। আমাদের চার পার্শ্বের যত অসংগতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতর্ষিকিতে অনুপ্রাণিত হয়ে দূর করা প্রত্যয়ে এগিয়ে চলা। পরিশেষে বাঙালি কবি এবং প্রবান্ধিক অন্নদাশঙ্করের কণ্ঠে কণ্ঠ মিলিয়ে বলতে চাই- "যতকাল রবে পদ্মা যমুনা গৌরি মেঘনা বহমান, ততকাল রবে কীর্তি তোমার শেখ মুজিবুর রহমান" | |
| ০৫ | বিবিধ | অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন। | |

(সরদার মাহবুবুর রহমান)
নির্বাহী প্রকৌশলী
ও
সভাপতি
নগর পরিকল্পনা ইউনিট
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
২। জনাব/জনাবা................................................. সদস্য, নগর পরিকল্পনা ইউনিট ।
৩। ............................................................................... ।
৪। নোটিশ বোর্ড/অফিস নথি, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।